



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাতে

সাফার মাসের শেষ বুধবার

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।

মাদাদ ইয়া রাসুল আল্লাহু, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু, মাদাদ ইয়া মাশাইখিনা,

শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।

তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

এই দিনে ৭০,০০০ সমস্যা নেমে আসে পৃথিবীতে। শেইখ মাওলানা (কাঃসিঃ) বলতেন, “সাফারুল খাইরঃ এর ভালো আমাদের উপর আসুক আর এর খারাপ অন্যের উপর চলে যাক।” বলা হয়, “শয়তান শাস্তির যোগ্য।” এই সমস্যাগুলো পতিত হোক অবিশ্বাসের মানুষ এবং শয়তানদের উপর। এই সমস্যা গুলো তাদের স্পর্শ করে না যারা আল্লাহকে স্মরণ করে, সাদাকাহ দান করে, তাওবা করে এবং ক্ষমা চায়। এই দিনের ভালো তাদের উপরে আসে। তাদের উপরে সবকিছুর ভালো আসে ইনশাআল্লাহ।

আজকে যেন আমরা তিনবার কালিমা শাহাদাহ, ৩০০ বার আসতাগফিরুল্লাহ এবং আমাদের সাদাকাহ ভুলে না যাই। বোলো না, “এত সকালে আমি একজন গরীব মানুষ কোথায় খুঁজে পাবো?” তোমার সাদাকাহ আলাদা করে রাখো, একটি খামে বা বাক্সে রাখো – যেখানে খুশী সেখান রাখো – তা ছুঁয়ো না এবং যখন কোন গরীব মানুষের দেখা পাবে তখন দিও। সেটাও গ্রহণীয় হবে। যখন তুমি টাকা আলাদা কর সাদাকাহ দেবার উদ্দেশ্যে, তখনই যে তা কাউকে দিতে হবে এমন কোন কথা নেই। যখন তুমি কাউকে পাবে তখন দিতে পারবে, কিন্তু সেদিন তোমার সাদাকাহ আলাদা করে রাখো।

এটাই আল্লাহর প্রজ্ঞা। সাধারণত সাফার মাস হয় ২৯ দিনের। এবার আমরা দেখছি সাফার মাস ৩০ দিনের হচ্ছে অনেক বছর পরে। এর মানে এতেও হিকমাহ আছে। ইনশাআল্লাহ সাফার মাসের ভালো আমাদের জন্য। আর তার সমস্যাগুলো শাস্তি হিসেবে তাদের উপর আসুক যারা আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহ করে, যারা মানুষকে অত্যাচার করে, যারা অসহায়দের উপর বোমাবর্ষন করে, যারা মানুষ হত্যা করে নির্ধুরভাবে।

তারা নিপীড়িত মানুষের উপর অবিরত আগুন এবং বোমা বর্ষন করে যাচ্ছে রাত দিন। তারা আল্লাহকে ভয় করে না এবং মানুষকে লজ্জা পায় না। আল্লাহ অস্তিত্বমান এবং আল্লাহর চাবুক আছে। তিনি যদি কাউকে চাবুক মারেন তা কেউ ঠেকাতে পারে না। আল্লাহ আমাদের সাহায্য করুন। সাফার মাসের ভালো আমাদের জন্য হোক এবং এর অনিষ্ট সেসব যালিমদের জন্য হোক ইনশাআল্লাহ।

ওয়া মিন আল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
৩০ নভেম্বর ২০১৬/৩০ সাফার ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।